রেজিস্টার্ড নং ডি এ-১ | ২০২৬ সনের ১২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মার্চ ১৯, ২০২৬**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮৭—২৯৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩১৩—৩৭১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০১—১০৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩০৫—৩৩৯ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২/১৮ ফেব্রুয়ারি ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪৯.২৫-৪৪২**—যেহেতু, জনাব মোঃ সেলিম রেজা (পরিচিতি নম্বর-৫১৩৯৪০০১), উপজেলা নির্বাচন অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী (প্রাক্তন কার্যালয় : মঠবাড়ীয়া, পিরোজপুর) এর বিরুদ্ধে নিয়ম বহির্ভূতভাবে জাতীয় পরিচয়পত্র সংশোধনের অভিযোগ উত্থাপিত হয়; সার্ভারে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক থাকা সত্ত্বেও এবং মাধ্যমিক সনদ (রেজিস্ট্রেশন নম্বর-১৯১৫৪৩৭৮৯০, রোল নম্বর ২২৮৩৬৩) সংযুক্ত থাকা সত্ত্বেও তা বিবেচনায় না নিয়ে তিনি জাতীয় পরিচয়পত্র নম্বর-১৫২৭৭৯৫৬৩৫ এ জন্ম তারিখ ২২-০৯-২০০৫ হতে ২২-০৯-২০০৩ পরিবর্তন করেছেন; প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা পাওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর-২১/২০২৫ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান পূর্বক শুনানির আবেদন করেন; বিগত ০৮.১২.২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি আনীত অভিযোগ স্বীকার করেন; ন্যায় বিচারের স্বার্থে মামলাটির তদন্ত হয়; নিযুক্ত তদন্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ নুরুল হাসান ভূঞা, উপপরিচালক (গবেষণা ও ডকুমেন্টেশন), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন প্রদান করেন;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: **www.bgpress.gov.bd**

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার স্বীকারোক্তিমূলক বক্তব্য, তদন্ত প্রতিবেদন, নথি ও তৎসংশ্লিষ্ট বিষয় পর্যালোচনায় 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ সেলিম রেজা (পরিচিতি নম্বর-৫১৩৯৪০০১), উপজেলা নির্বাচন অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী (প্রাক্তন কার্যালয়: মঠবাড়ীয়া, পিরোজপুর)-কে 'অসদাচরণ' এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক পরবর্তী ০২(দুই) বছরের জন্য একাদিক্রমে ০২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর-২১/২০২৫ নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২/২২ ফেব্রুয়ারি ২০২৬

নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২১.১৬.—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম (৩০০২৮১), উপ কমিশনার ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা উপ কমিশনার পদে কাস্টমস হাউস, চট্টগ্রামে কর্মরত থাকাকালীন সরকার কর্তৃক গত ১২ মে ২০২৫ তারিখ রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ, ২০২৫ জারির পর এর বিরোধিতা করে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট এবং আয়কর বিভাগের কর্মচারীদের কর্মসূচি চলাকালীন কর্মস্থল ত্যাগ করে ২৭, ২৮ ও ২৯ জুন ২০২৫ তারিখে ঢাকায় অবস্থান করে কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন, অন্যান্য কর্মচারীদের অংশগ্রহণে প্ররোচিত করেছেন, অন্যদের অংশগ্রহণ সমর্থন করেছেন এবং অন্যান্য কর্মচারীদের দাপ্তরিক দায়িত্ব পরিত্যাগ করে রাজস্ব ভবনে আসতে উদ্বুদ্ধ করে সংগঠকের ভূমিকা পালন করেছেন; এবং

০২। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) মোতাবেক তাঁকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮ আগস্ট ২০২৫খ্রি. তারিখের ২১৫নং প্রজ্ঞাপনমূলে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

০৩। যেহেতু, একজন সরকারি কর্মচারী হিসেবে তাঁর এরূপ আচরণ গর্হিত, শিষ্টাচার বহির্ভূত এবং শৃঙ্খলার জন্য হানিকর, যা সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী,"অসদাচরণ" এর শামিল; এবং

০৪। যেহেতু, উল্লিখিত অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নম্বর: ০১/২০২৬) রুজু করে ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ০৮.০০.০০০০. ০৩৮.৬৫.০২১.১৬.০৯ নং স্মারকের মাধ্যমে যথাক্রমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রণয়নপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়; এবং

০৫। যেহেতু, তিনি ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অভিযোগ বিবরণী ও অভিযোগনামার জবাব দাখিল করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানির দিন ধার্য করা হয়। ব্যক্তিগত শুনানিঅন্তে জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম (৩০০২৮১), উপ কমিশনার ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক তাঁর মূল বেতন ০২(দুই) ধাপ অবনমিতকরণের লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০৬। সেহেতু, জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম (৩০০২৮১), উপ কমিশনার ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক বেতন গ্রেডের ০২(দুই) ধাপ অর্থাৎ বর্তমান মূল বেতন ৪৯,৯৮০/-টাকার ০২ (দুই) ধাপ নিম্নতর ৪৫,৩৩০/- টাকায় মূল বেতন অবনমিতকরণের লঘুদণ্ড প্রদান করা হলো। একই সাথে এ বিভাগের ১৮ আগস্ট ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০. ০৩৮.৬৫.০০২১.১৬.২৫৫ নম্বর প্রজ্ঞাপনমূলে জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম (৩০০২৮১), উপ কমিশনার ও বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা-কে চাকরি হতে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত আদেশটি প্রত্যাহার করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুর রহমান খান,** এফসিএমএ
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০২৬খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৩**—আদিষ্ট হয়ে ডিএমপি-এর বংশাল থানার মামলা নং-২০/১২৫, তারিখ-৩১/৫/২০২৪ খ্রি.-এর ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৪**—আদিষ্ট হয়ে ডিএমপি-এর যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৮, তারিখ-০৭/১০/২০২৩ খ্রি.-এর ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৬(২)(উ) ৮/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারা বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং ৪৪.০০.০০০০.৫৬.০৪.০০২.২৫-২৫—আদিষ্ট হয়ে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার মামলা নং-২৮, তারিখঃ-১৮/০৫/২০২১ খ্রি.-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৬(২)(ই)(ঈ)(উ)/৮/৯(৩)/১০/১১/ ১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.৫৬.০৪.০০২.২৫-২৬—আদিষ্ট হয়ে নরসিংদী জেলার বেলাব থানার মামলা নং-১২/৬৩; তারিখ: ২৪/০৪/২০২৪খ্রি.-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামি সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯/(৩)/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

---

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৩.০০৩৫.২১.১৭৭—জনাব মোঃ মনিরুল ইসলাম (বিপি-৬৭৯৩০০৭৯৬৮), সহকারী পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা-কে ২৮.০২.২০২৬ খ্রি. তারিখে বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০১.০৩.২০২৬ তারিখ হতে ২৮.০২.২০২৭ তারিখ পর্যন্ত ১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তৌছিফ আহমেদ**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা**

**[প্রজ্ঞাপন]**

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ।

নং **১০/২০২৬/কাস্টমস/৮১।**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় অবস্থিত বাংলাদেশ পর্যটন করপোরেশন [বন্ড লাইসেন্স নং-২২/কাস/এসবিডব্লিউ/৮২, তারিখ: ২৫/১১/১৯৮২ খ্রি:] নামীয় শুল্কমুক্ত বিপণী-এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র.নং | পণ্যের বিবরণ | ২০২৫-২৬ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ |
|---|---|---|
| ১ | বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ | ৯,৩০,০০০.০০ (নয় লক্ষ ত্রিশ হাজার) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং ১০.০০.০০০০.১৩০.০৪.০০১.২২-৮২—যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এ বর্ণিত 'অসদাচরণ' ও বিধি ৩(গ)-এ বর্ণিত 'পলায়ন'-এর অভিযোগ আনয়নপূর্বক ০২/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব মোঃ মনিরুল ইসলাম-এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে জনাব মোঃ মনিরুল ইসলাম-কে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে কোনো জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকুরী হতে বরখাস্ত' করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় পত্র প্রেরণ করা হলে কমিশন এ সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্ত' গুরুদন্ড প্রদান সম্পর্কিত আইন ও বিচার বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এক্ষণে

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ অনুযায়ী জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এ বর্ণিত 'অসদাচরণ' ও বিধি ৩(গ)-এ বর্ণিত 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)' করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব।

**আদেশ**

তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩২/১৬ ফেব্রুয়ারি ২০২৬

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৩৭.২৫.৯৬**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে যশোর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব জি.এম. আসাদুজ্জামান, পিতা-মোঃ জামির আলী গাজী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদুল ইসলাম**
যুগ্মসচিব (রেজিস্ট্রেশন)।

---

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমুহ**

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭২.২৪.৫০**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির খতিয়ান দু'টির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নিজদেবপুর | ১৬১ | ৪০৯ ও ৫৪৬ = ০২ (দুই) টি | কালিগঞ্জ | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ২৫৬৮/২০১৪ ও ২৫৬৯/২০১৪ নং রিট পিটিশন নিষ্পত্তি হওয়ায়। |

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৪.৫৮**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ (৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান নম্বর | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | বামনজল | ৩৬ | ২৮১২ | ৯ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ২ | ধুমাইটাড়ী | ৪২ | ২৮১০ | ৫ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৩ | হরিপুর | ৭০ | ১০২০ | ৪ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৪ | চন্ডিপুর | ৭৬ | ৩২৫২ | ৩ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৫ | পূর্ব ছাপরহাটী | ১০১ | ১৭৭১ | ৩ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৬ | বেগমগঞ্জ | ১১৫ | ২১৪৬ | ৭ | উলিপুর | কুড়িগ্রাম |
| ৭ | চাঁদখানা | ৮ | ২২৮৬ | ৫ | ডোমার | নীলফামারী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৮**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ মাঘ ১৪৩২/১০ ফেব্রুয়ারি ২০২৬

নং **২৫.০০.০০০০.০০০.০১৪.৯৯.০০০১.২৫.১২২**—যেহেতু, জনাব রাশেদ আহাম্মেদ সাদী, উপ-পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর এর বিরুদ্ধে সিন্ডিকেট বাণিজ্যের মাধ্যমে বিভিন্ন শ্রেণির বাসা বরাদ্দ প্রদান করে অবৈধ উপায়ে বিপুল পরিমাণ অর্থ ও স্থাবর সম্পত্তির মালিক হওয়া, গ্রেড ও বেসিক বিবেচনায় না নিয়ে বাসা বরাদ্দে সুপারিশ প্রদান করা, ডি-১ ও ডি-২ শ্রেণির বাসা বরাদ্দের ক্ষেত্রে প্রত্যেক আবেদনকারীর নিকট হতে মোটা অংকের উৎকোচ দাবি করাসহ নানাবিধ দুর্নীতি ও অসদাচরণের অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) অনুযায়ী তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

০২। যেহেতু, উক্ত বরখাস্তকৃত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সুষ্ঠু তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য এ মন্ত্রণালয়ের প্রশাসন ব্রাঞ্চের যুগ্মসচিব, জনাব জহিরুল ইসলাম-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামত অনুযায়ী অভিযুক্ত উপ-পরিচালক জনাব রাশেদ আহাম্মেদ সাদী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

০৩। সেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামতের পরিপ্রেক্ষিতে সরকারি আবাসন পরিদপ্তরে কর্মরত উপ-পরিচালক জনাব রাশেদ আহাম্মেদ সাদীকে সাময়িক বরখাস্তের দণ্ডাদেশ হতে অব্যহতি প্রদান করা হলো। বিধি অনুযায়ী সাময়িক বরখাস্তকালীন সময় তার চাকরিকাল হিসেবে গণ্য হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**প্রশাসন শাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২/২৩ ফেব্রুয়ারি ২০২৬

নং **২৫.০০.০০০০.১৩০.২৭.০০২.১৮-২৫**—যেহেতু, জনাব মোঃ আমিনুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), টাংগাইল গণপূর্ত বিভাগ, টাংগাইল (সাবেক গণপূর্ত ই/এম বিভাগ-৭, ঢাকা) এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর মামলা নম্বর: ১৬, তারিখ: ২৫/০৯/২০২৩ এর চার্জশিট নম্বর: ২৩, তারিখ: ২০/০৩/২০২৫খ্রি: বিজ্ঞ আদালত কর্তৃক ০৭/০৭/২০২৫ তারিখে গৃহীত হয়েছে।

০২। সেহেতু, জনাব মোঃ আমিনুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), টাংগাইল গণপূর্ত বিভাগ, টাংগাইল (সাবেক গণপূর্ত ই/এম বিভাগ-৭, ঢাকা)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৯(২) অনুযায়ী বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশীট গ্রহণের তারিখ ০৭/০৭/২০২৫ হতে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

০৩। সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**প্রশাসন শাখা-৮**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ মাঘ ১৪৩২/১০ ফেব্রুয়ারি ২০২৬

নং **২৫.০০.০০০০.০০০.০১৪.৯৯.০০০১.২৫-১২৩**—যেহেতু, জনাব বিলাল হোসাইন, সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর এর বিরুদ্ধে গ্রেড ও বেসিক বিবেচনায় না নিয়ে বাসা বরাদ্দে সুপারিশ প্রদান করা, ডি-১ ও ডি-২ শ্রেণির বাসা বরাদ্দের ক্ষেত্রে প্রত্যেক আবেদনকারীর নিকট হতে মোটা অংকের উৎকোচ দাবি, গত ০৭-০৯-২০২৫ তারিখের বাসা বরাদ্দ সংক্রান্ত সভার দায়িত্ব পালনে অনিয়ম করাসহ নানাবিধ দুর্নীতি ও অসদাচরণের অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) অনুযায়ী তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

০২। যেহেতু, উক্ত বরখাস্তকৃত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের সুষ্ঠু তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য এ মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখার যুগ্মসচিব, জনাব জহিরুল ইসলাম-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামত অনুযায়ী অভিযুক্ত সহকারী পরিচালক জনাব বিলাল হোসাইন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

০৩। সেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামতের পরিপ্রেক্ষিতে সরকারি আবাসন পরিদপ্তরে কর্মরত সহকারী পরিচালক জনাব বিলাল হোসাইন-কে সাময়িক বরখাস্তের দণ্ডাদেশ হতে অব্যহতি প্রদান করা হলো। বিধি অনুযায়ী সাময়িক বরখাস্তকালীন সময় তার চাকরিকাল হিসেবে গণ্য হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০৩২.২৫-০৬**—যেহেতু, জনাব নৃপেন্দ্র নাথ রায়, ড্রাফটসম্যান, শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর, খুলনা-এর বিরুদ্ধে IBAS++System এ "ড্রাফটসম্যান" পদ এবং খুলনা শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর না থাকার অজুহাতে কর্তৃপক্ষকে না জানিয়ে সহকারী পরিচালক পদে অবৈধভাবে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস খুলনার আর্থিক কোডে পে-ফিক্সেশন করার অভিযোগের বিষয়টি বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে এ মন্ত্রণালয় হতে গত ২৮-১২-২০২৫ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭.০৩২.২৫-১৩৬ নং পত্রের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২১-১২-২০২৫ তারিখে লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগতভাবে শুনানীতে অংশ গ্রহণের জন্য ইচ্ছা পোষণ করেন এবং তাঁকে নিঃশর্ত ক্ষমা প্রদানের জন্য অনুরোধ করেন। ০৫-০২-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীকালে রাষ্ট্রপক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তার বক্তব্য শ্রবণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় জনাব নৃপেন্দ্র নাথ রায়, ড্রাফটসম্যান, শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর, খুলনা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

০৩। যেহেতু, অভিযোগনামায় অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার জবাব তদন্ত প্রতিবেদক ও প্রাসঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত ড্রাফটসম্যান জনাব নৃপেন্দ্রনাথ রায় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩ (খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের প্রকৃতি ও সার্বিক অবস্থা বিবেচনায় তাকে তিরস্কার দণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়।

০৪। সেহেতু, জনাব নৃপেন্দ্র নাথ রায়, ড্রাফটসম্যান, শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর, খুলনা-কে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (ক) বিধি অনুযায়ী "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। এই দণ্ডাদেশ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) বছর বলবৎ থাকবে।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নেয়ামত উল্যা ভূঁইয়া**
সিনিয়র সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**

**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২/১৫ ফেব্রুয়ারি ২০২৬

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫২.২৪-৫৬**—যেহেতু, জনাব মো: মনিরুজ্জামান খান, উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ (বর্তমানে উপপরিচালক, ভোলা)-এর বিরুদ্ধে মানিকগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সংঘটিত দুর্নীতি ও অনিয়মের বিষয়ে অভিযোগ উত্থাপিত হয়। তিনি প্রায় ১৪ মাস মা ও শিশু কল্যাণ কেন্দ্রের রেস্টরুমে অবস্থান করেছেন এবং তদন্তের ৫/৬ দিন আগে মা ও শিশু কল্যাণ কেন্দ্রের রেস্টরুম থেকে ডক্টরস কোয়ার্টারে শিফট করেন। তিনি ঘিওর উপজেলার সিংজুরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে একটি ফ্রীজ এনে তার ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করেন। তিনি ব্যক্তিগত সুবিধা ও অনৈতিক লাভের উদ্দেশ্যে এখতিয়ার বহির্ভূতভাবে ক্ষমতার অপব্যবহার করে পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারীসহ মোট ৩৯টি বদলীর আদেশ প্রদান করেন;

০২। যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮’ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণের’ অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১০৮/২৫ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৩-০৯-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫২.২৪-২৫৯ নং-স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৫-০১-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা বলেন, তার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা, বানোয়াট ও সত্য নয় এবং তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি চেয়ে ক্ষমা প্রার্থনা করেন;

০৪। সেহেতু, জনাব মো: মনিরুজ্জামান খান, উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ (বর্তমানে উপপরিচালক, ভোলা)-এর বিরুদ্ধে অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত না হওয়ায় তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সাইদুর রহমান**
সচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২/১৯ ফেব্রুয়ারি ২০২৬

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.২৩ (অংশ).৮৬**—১৯৬৮ সালের (সংশোধিত, ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানার পূর্ণ বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | বায়তুন নূর পাড়াতলী জামে মসজিদ<br>গ্রাম: পাড়াতলী<br>উপজেলা: রায়পুরা<br>জেলা: নরসিংদী | হোসেন নগর | এস এ<br>১৯২২<br>আর এস<br>৩৩০৮<br>৪০১২<br>১৪৭৫<br>১০৮৭<br>২৫৫২ | এস এ<br>১৪৭৫<br>আর এস<br>২০৭৮<br>২০৭৮<br>২০৭৮<br>২০৭৮<br>২০৭৮ | ০.০৫ | পূর্ব-পারিবারিক পুকুর<br>পশ্চিমে-লুৎফর রহমান গং<br>উত্তর-পারিবারিক কবরস্থান<br>দক্ষিণে-কবি শামসুর রাহমানের পৈত্রিক বাড়ি | হাবিবুর রহমান গং<br>ওবায়দুর রহমান গং<br>আলতাবুর রহমান গং<br>লুৎফর রহমান গং<br>বজলুর রহমান | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মৌসুমী সরকার রাখী**
উপসচিব।